কোলকাতায় এখনও চলছে হাতে টানা রিক্সা

কোলকাতা শহরে হাতে টানা রিক্সা বাতিল হয়েছে ১৩ বছর আগে। কিন্তু তার পরেও ‘স্বমহিমায়’ শহরের বেশ কিছু অংশে দেখা যাচ্ছে তার অবাধ চলাচল। যদিও পরিবহণ দফতরের দাবি, নতুন করে হাতে টানা রিক্সার লাইসেন্স দেওয়া হয় না। পুরনোদের লাইসেন্সও নবীকরণ করা হয় না। কিন্তু, তার পরেও কেন কোলকাতায় হাতে টানা রিক্সা চলছে, তা পুলিশ বলতে পারবে।

এ ব্যাপারে কলকাতা পুলিশের দাবি, শহরে এখন এক জনেরও হাতে টানা রিক্সার লাইসেন্স নেই। কিন্তু প্রায় হাজার পাঁচেক এমন রিক্সা চলছে কোলকাতার পথে। আইনে নিষিদ্ধ হলেও মানবিকতার খাতিরে পুরনো রিক্সাওয়ালাদের বিরুদ্ধে ‘কড়া’ ব্যবস্থা নেওয়া যায় না।
কেন? এক পুলিশকর্তার কথায়, ‘‘১৩ বছর আগে যখন এই সংক্রান্ত আইন বাতিল হয়, তখন সরকার রিক্সাওয়ালাদের পুনর্বাসন প্যাকেজ ঘোষণা করেছিল। কিন্তু তাঁরা সেই প্যাকেজ নিয়ে সহমত হতে পারেননি। ওই আলোচনা নাকি আজও চলছে, তাই হাতে টানা রিক্সায় রাশ পড়েনি।’’ কোলকাতা পুলিশের আর এক কর্তা বলেন, ‘‘যে হাজার পাঁচেক রিক্সাওয়ালা রয়েছেন, অধিকাংশের বয়স হয়েছে। তাঁদের পরবর্তী প্রজন্মের বেশিরভাগই এই পেশায় আসেননি। ফলে কালের নিয়মে হাতে টানা রিক্সা কমে আসছে। আইনত নিষিদ্ধ হলেও সরকার জোর করে তা বন্ধ করতে চাইছে না।’’
পরিবহণ দফতর জানাচ্ছে, ১৯১৯ সালে ‘ক্যালকাটা হ্যাকনি ক্যারেজ অ্যাক্ট’ চালু হয়েছিল। সেই আইনে ব্রিটিশ শাসকেরা কোলকাতা শহরে ঘোড়া, গরুর গাড়ি, পালকি, হাতে টানা রিক্সার উপর নিয়ন্ত্রণ এনেছিল। তখন থেকেই শহরে লাইসেন্স নিয়ে হাতে টানা রিক্সা চলাচলের শুরু। ২০০৬-এর আগস্টে স্বাধীনতা দিবসের দিন তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এমন রিক্সা তুলে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেন। বাতিল করে দেওয়া হয় ১৯১৯-এর হ্যাকনি ক্যারেজ আইনও। কিন্তু তার পরেও কোলকাতা থেকে যাওয়া রিক্সাগুলি পুরোপুরি বন্ধ হয়নি।